



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ
প্রশাসন শাখা


বিনিয়োগ অগ্রাধিকার

বিনিয়োগ ভবন (৮ম, ৯ম ও ১০ম তলা)
প্লট # ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.beza.gov.bd

বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ-এর নিজস্ব প্যানেলে আইনজীবী তালিকাভুক্তকরণ।

বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)-এর মামলাসমূহ পরিচালনার নিমিত্ত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, নিম্ন আদালত (দেওয়ানী ও ফৌজদারী), অর্থ ঋণ আদালত, শ্রম আদালতসহ অন্যান্য আদালতে মামলা দায়ের, প্রতিদ্বন্দ্বিতা/পরিচালনা, তদারকি ও আইনগত মতামত প্রদানের জন্য প্যানেল আইনজীবী তালিকাভুক্ত করার লক্ষ্যে আগ্রহী আইনজীবী/আইনজীবী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে আবেদন আহ্বান করা যাচ্ছে:-

০১. বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের তালিকাভুক্ত আইনজীবী হতে হবে। আপীল বিভাগে তালিকাভুক্ত আবেদনকারীগণ অগ্রাধিকার পাবেন;
০২. সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনায় কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে;
০৩. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ আইন কলেজ হতে প্রার্থীকে আইন বিষয়ে ডিগ্রিধারী হতে হবে;
০৪. আবেদনের তারিখে প্রার্থীর বয়স ন্যূনতম ৩৫ বছর হতে হবে;
০৫. আবেদনকারী আইনজীবীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে;
০৬. আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জাতীয় পরিচয়পত্র নম্বর, টিন নম্বর, মোবাইল নম্বর, চেয়ারের ঠিকানা, উচ্চ ও নিম্ন আদালতে মামলা পরিচালনার অভিজ্ঞতা, বয়স, শিক্ষাগত যোগ্যতা উল্লেখপূর্বক পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত দাখিল করতে হবে;
০৭. আবেদনের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, বার কাউন্সিল এর সনদ, জাতীয় পরিচয়পত্র, অভিজ্ঞতাসহ সকল সনদপত্রের সত্যায়িত কপি, সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৫ (পাঁচ) কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে;
০৮. প্যানেল আইনজীবীকে যেসকল মামলা পরিচালনার দায়িত্ব দেওয়া হবে বেজা কর্তৃপক্ষকে চাহিদামত সেগুলোয় হালনাগাদ তথ্যাদি সরবরাহ করতে হবে এবং বেজা'র মামলা পরিচালনায় কোনো আইনজীবীর গাফিলতি পরিলক্ষিত হলে সেক্ষেত্রে প্রমাণ সাপেক্ষে জীর নাম তালিকা হতে বাদ দেওয়া হবে;
০৯. নিয়োগকৃত আইনজীবীকে মামলা পরিচালনা ও অন্যান্য আইনগত মতামত প্রদানের জন্য কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিধি-বিধান মোতাবেক ফি প্রদান করা হবে এবং কর্তৃপক্ষের প্রয়োজনে ও নির্দেশনা অনুযায়ী আইনগত কার্যক্রম গ্রহণ/পরিদর্শনের জন্য ঢাকার বাইরে মামলা পরিচালনার জন্য প্রযুক্ত থাকতে হবে;
১০. বর্তমানে কোনো প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে আবেদনে তা উল্লেখ করতে হবে;
১১. বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত প্যানেল আইনজীবী কর্তৃপক্ষের স্বার্থ আছে এমন মামলায় কর্তৃপক্ষের বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না;
১২. প্যানেল আইনজীবী নিয়োগের মেয়াদ ০৩ (তিন) বছর। তবে সন্তোষজনক কর্মসম্পাদনের ভিত্তিতে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী ও উভয় পক্ষের সম্মতিতে মেয়াদ বর্ধিত করা যেতে পারে;
১৩. কর্তৃপক্ষ কোনো প্যানেল আইনজীবীকে অব্যাহতি দিতে চাইলে এবং কোনো আইনজীবী অব্যাহতি নিতে চাইলে সেক্ষেত্রে ৩০ (ত্রিশ) দিন পূর্বে নোটিশ প্রদান করতে হবে এবং মামলা সংশ্লিষ্ট প্রয়োজনীয় কাগজপত্র কর্তৃপক্ষের নির্দেশমতে হস্তান্তর করতে হবে;
১৪. আগামী ২৪ মে ২০২৬ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে 'নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ' বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে এবং খামের উপর "প্যানেল আইনজীবী তালিকাভুক্তির আবেদন" লিখতে হবে;
১৫. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যেকোন আবেদন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণসহ প্যানেল আইনজীবীর সংখ্যা হ্রাস অথবা বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে;
১৬. আইনজীবী প্যানেল নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।


২০.০৫.২০২৩

মোঃ শামীম হাসান
উপসচিব
পরিচালক (প্রশাসন)
ফোন: ৪৪৮২৬০২১